লড়াই এখন ফাইনালের

নানান আলোচনা-সমালোচনা-অঘটনের মধ্য দিয়ে শেষ হলো ২০২৩ ভারত বিশ্বকাপে প্রথম পর্বের ৪৫টি ম্যাচ। এবারের আসরে মোট ১০ দল অংশগ্রহণ করে। প্রতিটি দলই একে অপরের মুখোমুখি হয়েছে। আর ১০ দলের মধ্যে সেরা চার দলই নিশ্চিত করেছে রাউন্ড রবিন অর্থাত্ সেমিফাইনালের টিকিট। বাদ পড়েছে ৬টি দল।

বিশ্বকাপে সবার ওপরে থেকে সেমিফাইনালে খেলার টিকিট নিশ্চিত করে স্বাগতিক দেশ ভারত। প্রথম পর্বের শতভাগ জয় নিয়ে শীর্ষস্থানে ভারত। পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে থেকে সেমিতে খেলার টিকিট নিশ্চিত করেছে দক্ষিণ আফ্রিকা। এছাড়া আফগানিস্তানের সঙ্গে ম্যাক্সওয়েলের ২০১ রানের সেই কালজয়ী ইনিংসের মধ্য দিয়ে তৃতীয় স্থানে থেকে সেমিতে খেলার টিকিট নিশ্চিত করে ২০১৫ সালের বিশ্ব চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া। চলতি আসরের চতুর্থ দল হিসেবে বিশ্বকাপ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে নিউজিল্যান্ড।

যদিও তাদের এই পথে লড়তে হয়েছে পাকিস্তান ও আফগানিস্তানের সঙ্গে, তবে তারা নিজেদের ম্যাচে হেরে যাওয়ায় কোনো সমস্যা হয়নি কিউইদের।

আইসিসির নিয়ম অনুসারে পয়েন্ট টেবিলের প্রথম ও চতুথ স্থানে থাকা দল সেমিতে মুখোমুখি হবে এবং পয়েন্ট টেবিলের দ্বিতীয় ও তৃতীয় স্থানে থাকা দল ফাইনালের জন্য লড়াই করবে। সেই সমীকরণে স্বাগতিক দল ভারত আগামী ১৫ নভেম্বর মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে প্রথম সেমিফাইনালে খেলবে গত আসরের রানারআপ দল নিউজিল্যান্ডের সঙ্গে। সেমিফাইনালের দ্বিতীয় ম্যাচে ১৬ তারিখে ইডেন গার্ডেন্সে নামবে দক্ষিণ আফ্রিকা এবং ২০১৫ সালে বিশ্ব চ্যাম্পিয়ন দল অস্ট্রেলিয়া। সেমিফাইনালে নিজেদের সেরাটা দিয়ে ফাইনালে খেলার টিকিটের জন্য লড়বে দলগুলো।

বিশ্বকাপে ৯ ম্যাচ খেলে ৪ জয় ও ৫ হারে চলতি আসরের পয়েন্ট টেবিলের পঞ্চম স্থানে থেকে বিশ্বকাপ শেষ করে ১৯৯২ সালের বিশ্ব চ্যাম্পিয়ন পাকিস্তান। টেবিলের ষষ্ঠ স্থানে থেকে বিশ্বকাপ শেষ করে আফগানিস্তান। তবে বিশ্বকাপের সেমিফাইনালে খেলতে না পারলেও বিশ্বকাপ আসরে নিজেদের নতুন করে তুলে ধরেছে আফগানরা। এই আসরে ৪ ম্যাচে জয় পায় আফগানরা, যা তাদের বিশ্বকাপ ইতিহাসের এক আসরের

সর্বোচ্চ জয়।

পয়েন্ট টেবিলের সপ্তম স্থানে থেকে বিশ্বকাপ শেষ করে গত আসরের বিশ্ব চ্যাম্পিয়ন ইংল্যান্ড, যা ছিল এই আসরের সবচেয়ে বড় অঘটন। চলতি আসরে ৯ ম্যাচ খেলে ৩টি জয়ের বিপরীতে ৬টি ম্যাচে হারে ইংলিশরা। টেবিলের অষ্টম স্থানে থেকে বিশ্বকাপে মিশন শেষ করে বাংলাদেশ। এই আসরে ৯টি ম্যাচ খেলে ২টি ম্যাচে জয় পায় সাকিব আল হাসানের দল।

পয়েন্ট টেবিলের নবম দল হিসেবে বিশ্বকাপ শেষ করে ১৯৯৬ সালের বিশ্ব চ্যাম্পিয়ন শ্রীলঙ্কা। চলতি আসরে সবগুলো ম্যাচ খেলে ২টি জয়ের বিপরীতে ৭ ম্যাচে হারে লঙ্কানরা। প্রথম পর্বের তলানিতে থেকে বিশ্বকাপ মিশন শেষ করে নেদারল্যান্ডস। সব ম্যাচ খেলে ২টি জয় ৭টি হার ডাচদের।

নিউজিল্যান্ড সিরিজ থেকে ছিটকে গেলেন তাসকিন

চলমান বিশ্বকাপ শুরু থেকেই নিজেকে মেলে ধরতে পারেনি পেসার তাসকিন আহমেদ। বিশ্বকাপের মাঝ পথে কাঁধের চোটে পরে ভারতের বিপক্ষে ম্যাচ খেলতে পারেনি এই পেসার। আর চোটের কারণে এবার আসন্ন নিউজিল্যান্ডের বিপক্ষে দুই ম্যাচ টেস্ট সিরিজ থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন তাসকিন।

মূলত মাসেল টিয়ারের সমস্যায় ভুগছেন তাসকিন। তাই ঝুঁকি না নিয়ে আসন্ন টেস্ট সিরিজ থেকে বিশ্রাম নেয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। শনিবার (১১ নভেম্বর) অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ শেষে গণমাধ্যমকে তাসকিন নিজেই বিষয়টি জানিয়েছেন।

চলতি মাসের ২৮ নভেম্বর সিলেটে সিরিজের প্রথম টেস্টে নিউজিল্যান্ডের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ। এরপর ৬ ডিসেম্বর

ঢাকায় হবে দ্বিতীয় টেস্ট। সিরিজের আগে অবশ্য দুই দিনের একটি প্রস্তুতি ম্যাচ খেলবে বাংলাদেশ ও নিউজিল্যান্ড দল।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপে আলো ছড়িয়ে মাসসেরা রাচীন রবীন্দ্র

ভারতে চলমান বিশ্বকাপে দারুণ ছন্দে রয়েছে দক্ষিণ আফ্রিকার উইকেটরক্ষক ব্যাটার কুইন্টন ডি কক, স্বাগতিক পেস বোলার জসপ্রীত বুমরাহ ও কিউই তরুণ অলরাউন্ডার রাচীন রবীন্দ্র। তিন জনই দলের হয়ে দারুণ ভূমিকা রেখে জায়গা করে নিয়েছিল আইসিসির মাস সেরা হওয়ার দৌড়ে।

তবে শেষ অবধি ডি কক ও বুমরাহকে পেছনে ফেলে প্রথম বারের মতো আইসিসির অক্টোবর সেরা পুরুষ খেলোয়াড় হিসেবে নির্বাচিত হয় রাচীন। এছাড়া নারীদের মাসের সেরা ক্রিকেটারের পুরস্কার জিতেছেন ক্যারিবিয়ান অলরাউন্ডার ক্রিকেটার হেইলি ম্যাথিউস।

শুক্রবার এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি। ২৩ বছর বয়সি রাচীন রবীন্দ্রের নিউজিল্যান্ডের হয়ে অভিষেক হয় চলতি বছরের মার্চ মাসে। শুরুতে দলে স্পিনার হিসেবে জায়গা পেলেও ভারতে বিশ্বকাপ খেলতে এসে দলের গুরুত্বপূর্ণ ব্যাটার হিসেবে দায়িত্ব পালন করতে দেখা যাচ্ছে। এখন পর্যন্ত কিউইদের হয়ে এই অলরাউন্ডার খেলেছেন ২১টি ওয়ানডে ম্যাচ। তার মধ্যে ব্যাটিং নৈপুণ্য দেখান বিশ্বকাপে এসে; টপ অর্ডারে জায়গা পাওয়ার পর।

অক্টোবর মাসে ছয় ম্যাচ খেলে তিনি ৮১.২০ গড়ে রবীন্দ্র ৪০৬ রান। সঙ্গে নেন ৩ উইকেট। বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে ইংল্যান্ডের বিপক্ষে ১২৩ রানের ঝোড়ো ইনিংস খেলার পর অস্ট্রেলিয়ার বিপক্ষে করেন ১১৬ রান। এ সময় বল হাতেও শিকার করেছেন তিনটি উইকেট। আর এমন পারফরম্যান্সেই প্রথম বারের মতো তিনি পেয়েছেন মাস সেরার

পুরস্কার।

এদিকে গেল অক্টোবর মাসে চট্টগ্রামে অনুষ্ঠিত হওয়া পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে ৮ রান দিয়ে ৫ উইকেট নিয়ে বাংলাদেশের হয়ে রেকর্ড গড়া বোলিং করেছিলেন নাহিদা আক্তার। তিন ম্যাচে ৮ উইকেট নিয়ে জিতেছিলেন সিরিজ সেরার পুরস্কারও। এমন পারফরম্যান্সের পর মাসসেরা ক্রিকেটারের মনোনয়ন পেয়েছিলেন বাঁহাতি এই স্পিনার। যদিও শেষ পর্যন্ত পুরস্কার জেতা হয়নি নাহিদার।

২০২১ সালের মতো এবারও হেইলি ম্যাথিউসের পারফরম্যান্সের কাছে হেরে গেছেন তিনি। অস্ট্রেলিয়া সিরিজে দাপুটে পারফর্ম করে বাংলাদেশের স্পিনারকে পেছনে ফেলে অক্টোবর মাসের সেরা ক্রিকেটারের পুরস্কার জিতেছেন ম্যাথিউস। অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে ব্যাটে-বলে দুর্দান্ত ছিলেন ওয়েস্ট ইন্ডিজের এই ক্রিকেটার। তিন ম্যাচে ব্যাট হাতে ম্যাথিউস করেছিলেন ১৫৫ গড়ে ৩১০ রান। যেখানে রয়েছে ম্যাচ জেতানো ১৩২ রানের একটি ইনিংস। এছাড়া বল হাতেও তিনি দলকে জিততে সহায়তা করেছেন।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপে বোল্টের রেকর্ড

ভারতে চলমান বিশ্বকাপে দারুণ শুরু পেলেও টানা চার হারে আসরের সেমিফাইনালে যাওয়ার লড়াই কিছুটা কঠিন করে তুলেছিল নিউজিল্যান্ড। গতকাল ছিল তাদের প্রথম পর্বের শেষ ম্যাচ। প্রতিপক্ষ হিসেবে পেয়েছিল শ্রীলঙ্কাকে। রাউন্ড রবিনে যেতে হলে এ ম্যাচে জয়ের কোনো বিকল্প ছিল না কিউইদের সামনে।

আর এমন ম্যাচেই বল হাতে লঙ্কান ব্যাটারদের গুঁড়িয়ে দুর্দান্ত এক মাইলফলক স্পর্শ করেন কিউই বোলার ট্রেন্ট বোল্ট। নিউজিল্যান্ডের ইতিহাসে প্রথম বোলার হিসেবে বিশ্বকাপে সব আসর মিলিয়ে ৫০ উইকেট শিকারের মালিক এখন এই বাঁহাতি পেসার।

গতকাল বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী ক্রিকেট স্টেডিয়ামে বিশ্বকাপের মহাগুরুত্বপূর্ণ ম্যাচে শ্রীলঙ্কাকে ১৭১ রানে গুটিয়ে দেওয়ার পথে ১০ ওভারে ৩৭ রান দিয়ে ৩ উইকেট নিয়েছেন বোল্ট। এতেই বিশ্বকাপে কিউইদের সেরা বোলার বনে যান তিনি। এ তালিকায় বোল্টের পরের অবস্থানে রয়েছেন চলতি বিশ্বকাপে দলে থাকা তার নিউজিল্যান্ডের আরেক পেসার টিম সাউদি।

বিশ্বকাপের আসরে এখন পর্যন্ত ৩৮টি উইকেট শিকার করছেন ডানহাতি পেস বোলার টিম সাউদি। গতকাল শ্রীলঙ্কার বিপক্ষে ১ উইকেট শিকার করেন তিনি। এছাড়া বিশ্বকাপে বাঁহাতি পেসারদের মধ্যে তৃতীয় হিসেবে ৫০ উইকেটের মাইলফলক স্পর্শ করেছেন বোল্ট।

এ তালিকায় সবার শীর্ষে আছেন অস্ট্রেলিয়ার বাঁহাতি পেসার মিচেল স্টার্ক। এই অজি পেসার এখন পর্যন্ত বিশ্বকাপে মোট ৫৯ উইকেট শিকার করেছেন। এদিকে আরেকটি ক্রিকেটের তিন সংস্করণ মিলিয়ে আরেকটি মাইলফলকও স্পর্শ করেছে কিউই এই পেসার। তিন সংস্করণ মিলিয়ে ৩৪ বছর বয়সি পেসারের উইকেট এখন ৬০১টি। যার মধ্যে টেস্টে ৩১৭, ওয়ানডেতে ২১০ ও টি-টোয়েন্টিতে শিকার ৭৪টি। বোল্টের ওপরে থাকা দুই জনের মধ্যে সাবেক স্পিনার ড্যানিয়েল ভেটোরির আন্তর্জাতিক ক্রিকেটে উইকেট সংখ্যা ৭০৫টি, শ্রীলঙ্কার বিপক্ষে একটি উইকেট নেওয়া টিম সাউদির ৭৩২টি।

সূত্র: ইত্তেফাক

অস্ট্রেলিয়া ম্যাচের আগে দুঃসংবাদ পেল বাংলাদেশ

শ্রীলঙ্কার বিপক্ষে ঘটনাবহুল ম্যাচ জেতার পরই দুঃসংবাদ শুনতে হলো বাংলাদেশ দলকে। আঙুলের চোটে অস্ট্রেলিয়ার বিপক্ষে শেষ ম্যাচ থেকে ছিটকে গেছেন অধিনায়ক সাকিব আল হাসান।

মঙ্গলবার (৭ নভেম্বর) বাংলাদেশ ক্রিকেট বোর্ড সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছে।

বিবৃতিতে বিসিবি জানিয়েছে, শ্রীলঙ্কার বিপক্ষে ৮২ রানের ইনিংসের পথে বাম হাতের তর্জনীতে ব্যথা পান সাকিব। এক্স-রে করে দেখা যায় সেখানে চিড় আছে। এই কারণে ১১ নভেম্বর পুনেতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ খেলতে পারবেন না তিনি। এই ম্যাচের পর বাংলাদেশের বিশ্বকাপও শেষ হয়ে যাবে। শুধু বিশ্বকাপের শেষ ম্যাচই নয়, নিউজিল্যান্ডের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ থেকেও ছিটকে যেতে পারেন তিনি।

সাকিবের ইনজুরি নিয়ে জাতীয় দলের ফিজিও বায়েজেদুল ইসলাম খান বলেছেন, সাকিব ব্যাটিং ইনিংসের শুরুতে তার বাম তর্জনীতে আঘাত পান। ব্যথা পাওয়ার পর আঙুলে টেপিং দেওয়ার পাশাপাশি ব্যথানাশক ওষুধ দিয়ে খেলা চালিয়ে যান তিনি। ম্যাচ শেষে দিল্লিতে এক্সরে করানো হয়, রিপোর্টে আঙুলে ফ্র্যাকচার ধরা পড়ে। এই চোট সারতে তিন থেকে চার সপ্তাহ লাগতে পারে।

এর আগে চলতি টুর্নামেন্টে ঊরুর পেশির চোটে ভারতের বিপক্ষে ম্যাচটি খেলতে পারেননি সাকিব। ওই ম্যাচে অধিনায়কত্ব করেন সহ-অধিনায়ক শান্ত। শেষ ম্যাচেও তার কাঁধেই পড়বে দায়িত্ব। পুনের মহারাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে আগামী শনিবার অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে বাংলাদেশ। চ্যাম্পিয়ন্স ট্রফিতে অংশগ্রহণ নিশ্চিত করতে ম্যাচটি বাংলাদেশের জন্য খুব গুরুত্বপূর্ণ।

সূত্র: ইত্তেফাক

টানা ছয় হারে পরে দ্বিতীয় জয় বাংলাদেশের

জয় দিয়ে বিশ্বকাপ শুরু। এরপর টানা ছয় হারে টুর্নামেন্ট থেকে বিদায় নেয় বাংলাদেশ। তবে চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলতে বিশ্বকাপে শেষ দুই ম্যাচই গুরুত্বপূর্ণ দাঁড়ায় বাংলাদেশের জন্য। এমন অবস্থায় নিজেদের অষ্টম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে অসাধারণ নৈপুণ্য দেখিয়েছে টাইগাররা। তবে শেষ দিকে উইকেট হারিয়ে সহজ ম্যাচ

কঠিন করে জেতে বাংলাদেশ। লঙ্কানদের ৩ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলার আশা বাঁচিয়ে রাখলো লাল-সবুজের প্রতিনিধিরা।

সোমবার (৬ নভেম্বর) দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে টস জিতে শ্রীলঙ্কাকে ব্যাটিংয়ে পাঠায় বাংলাদেশ। এই ম্যাচে প্রথমবারের মতো ক্রিকেট বিশ্ব আন্তর্জাতিক ম্যাচে দেখেছে টাইম আউট। কোনো বল খেলার আগেই টাইম আউট হয়ে সাজঘরে ফিরে যান আঞ্জেলো ম্যাথুস। ঘটনাবহুল এই ম্যাচে চারিথ আসালাঙ্কার সেঞ্চুরিতে ৪৯ ওভার ৩ বলে ২৭৯ রানে অলআউট হয় শ্রীলঙ্কা। ১০৫ বলে ১০৮ রান করেন আসালাঙ্কা।

২৮০ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরুটা ভালো হয়নি বাংলাদেশের। দলীয় ৪১ রানের মধ্যে জোড়া উইকেট হারায় বাংলাদেশ। তানজিদ হাসান তামিম ৫ বলে ৯ ও লিটন দাস ২২ বলে ২৩ রান করে আউট হন।

তবে সাকিব আল হাসানকে সঙ্গে নিয়ে শুরুর এই চাপ সামাল দেন নাজমুল হাসান শান্ত। সাবলীল ব্যাটিংয়ে দু’জনেই তুলে ফিফটি। ১৬৯ রানের জুটি গড়েন এই দুই ব্যাটার। লঙ্কান বোলারদের কোনো সুযোগ না সেঞ্চুরির পথেই ছিলেন সাকিব ও শান্ত।

তবে দলীয় ২১০ ও ২১১ রানে আউট হন সাকিব ও শান্ত। সাকিব ৬৫ বলে ৮২ ও শান্ত ১০১ বলে ৯০ রান করেন। এরপর মুশফিকুর রহিম ও মাহমুদউল্লাহ রিয়াদের ব্যাটে জয়ের পথেই ছিল বাংলাদেশ।

দলীয় ২৪৯ ও ২৫৫ রানে এই দুই ব্যাটারকে আউট করে ম্যাচ জমিয়ে তোলে শ্রীলঙ্কা। মুশফিক ১৩ বলে ১০ ও মাহমুদউল্লাহ ২৩ বলে ২২ রান করেন। এরপর তাওহিদ হৃদয় ও মেহেদি হাসান মিরাজ লড়াই করেন।

তবে দলীয় ২৬৯ রানে ৫ বলে ৩ রান করে আউট হন মিরাজ। তবে এরপর ক্রিজে আসা তানজিম হাসান সাকিবকে সঙ্গে নিয়ে ৫৩ বল হাতে রেখে দলের জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন হৃদয়। লঙ্কানদের পক্ষে দিলশান মাদুশঙ্কা নেন ৩টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

টাইম আউট হয়ে রাগে হেলমেট ছুঁড়ে মারলেন ম্যাথুস

বিশ্বকাপে নিজেদের অষ্টম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে মাঠে নেমেছে বাংলাদেশ। এই ম্যাচে ঘটেছে এক নাটকীয় ঘটনা। টাইম আউট হয়েছেন লঙ্কান ব্যাটার অ্যাঞ্জেলো ম্যাথুস। আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম ব্যাটার হিসেবে টাইম আউট হলেন তিনি। এমন আউট মেনে নিতে পারেননি এই লঙ্কান ব্যাটার। আউটের পর রেগে হেলমেট ছুঁড়ে মেরেছেন ম্যাথুস, পেতে পারেন শাস্তি।

আউট হয়ে মাঠ ছাড়ার সময় সেই হেলমেট রাগে ক্ষোভে ছুড়ে মারেন ম্যাথুস। পরবর্তীতে কোচের সঙ্গে অনেকক্ষণ ধরেই আলোচনা করতে দেখা যায় তাকে। এমনকী সাকিবের সঙ্গেও তর্কে জড়াতে দেখা যায়। খেলা চলাকালে হেলমেট ছুড়ে ফেলার কারণে আচরণবিধি ভঙ্গের দায়ে শাস্তি পেতে পারেন ম্যাথুস।

যে হেলমেট নিয়ে খেলতে নেমেছিলেন সেটিতে নিরাপদ বোধ করছিলেন না ম্যাথুস। পরে নতুন আরেকটি হেলমেট নিয়ে আসা হয়। সেটিতেও ছিল সমস্যা। তাই আবারো হেলমেট পরিবর্তন করতে চান ম্যাথুস।

কিন্তু ততক্ষণে ২ মিনিট পার হয়ে যায়। টাইম আউটের আবেদন করেন সাকিব। আর তাতে নিয়ম অনুযায়ী আউট দেন আম্পায়ার। আন্তর্জাতিক ক্রিকেটে এই প্রথমবার ঘটল এমন ঘটনা। তবে ঘরোয়া ক্রিকেটে এর আগে ৬ বার টাইম আউট হয়েছেন ব্যাটাররা।

এমসিসির আইনের ৪০.১.১ নম্বর ধারা অনুযায়ী, একজন ব্যাটার আউট হয়ে যাওয়ার পর ২ মিনিটের মধ্যে পরবর্তী ব্যাটারকে খেলার জন্য প্রস্তুত হতে হবে। কিন্তু ম্যাথুস সেটি হতে পারেননি। আর তাই বাংলাদেশের আবেদনের প্রেক্ষিতে টাইম আউট হন ম্যাথুস।

সূত্র: ইত্তেফাক

ম্যাচের আগে টিকিট গায়েব, গ্রেফতার ২১

চলতি বিশ্বকাপের দ্বিতীয় হাই ভোল্টেজ ম্যাচে আজ মাঠে নামছে স্বাগতিক ভারত এবং দক্ষিণ আফ্রিকা। বিশ্বকাপে এখন পর্যন্ত পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান করছে স্বাগতিক ভারত এবং অপর দিকে পয়েন্ট টেবিলের ২ নম্বরে অবস্থান করছে দক্ষিণ আফ্রিকা। এই দুই শক্তিশালী দলের লড়াই মাঠে গিয়ে দেখতে মুখিয়ে আছে দর্শকরা।

তবে কালোবাজারির কাঙ্ক্ষিত টিকিট পাচ্ছেন না দর্শকরা। আর টিকিট পেলেও তা বিক্রি হচ্ছে ১০ গুণ চড়া দামে। এমন পরিস্থিতিতে ম্যাচের আগে টিকিট না পেয়ে স্টেডিয়ামের সামনে বিক্ষোভ করছে টিকিটপ্রত্যাশী দর্শকরা। সাধারণ দর্শকরা বলেন, ‘অনলাইনে টিকিট পাওয়া যাচ্ছে না, স্টেডিয়ামের বাইরে টিকিট পাওয়া যাচ্ছে এবং সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্নভাবে টিকিট পাওয়া যাচ্ছে। সেসব টিকিটের দাম নির্ধারিত টিকিটের দামের চেয়ে তিন-চার গুণ বেশি।’

এখন পর্যন্ত সিএবির সদস্যদের অধিকাংশই টিকিট পাননি। ক্ষুব্ধ ক্রিকেটপ্রেমীদের একাংশ সিএবি এবং অনলাইনে টিকিট বিক্রি করার সংস্থার বিরুদ্ধে কালোবাজারির অভিযোগ এনে এফআইআর দায়ের করেছেন। তারই ভিত্তিতে তদন্ত শুরু করেছে কলকাতা পুলিশ। টিকিটের কালোবাজারির অভিযোগে এখন পর্যন্ত ২১ জন গ্রেফতার করছে ভারতীয় পুলিশ এবং সেইসঙ্গে বাজেয়াপ্ত হয়েছে ১২৭টি টিকিট।

অভিযোগ ওঠেছে অনলাইনে যে সংস্থা বিশ্বকাপের ম্যাচগুলোর টিকিট বিক্রি করছে তাদের পাশাপাশি, সিএবি এবং বিসিসিআই কর্তারা টিকিট সরিয়ে দিয়েছেন। সেই টিকিট কালোবাজারে চলে গিয়েছে। কলকাতা পুলিশের এই দুই থানায় শুক্রবার রাত পর্যন্ত মোট সাতটি এফআইআর হয়েছে সিএবি এবং অনলাইনে টিকিট বিক্রি করা ঐ সংস্থার বিরুদ্ধে।

টিকিট প্রসঙ্গে সিএবির সভাপতি বলেছিলেন, ‘বিশ্বকাপ আইসিসির

ইভেন্ট। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) একটি সংস্থাকে অনলাইনে টিকিট বিক্রি করার দায়িত্ব দিয়েছে। সিএবি শুধু ম্যাচের আয়োজক। আমরাও টিকিট পেয়েছি অনলাইনে টিকিট বিক্রি করা ঐ সংস্থার মাধ্যমে। চাহিদার তুলনায় অনেক কম টিকিট পেয়েছি আমরা। ফলে ক্লাব, অনুমোদিত সংস্থা, সদস্যদের নির্ধারিত কোটা কমাতে হয়েছে।’ এর আগে কালোবাজারি ইস্যুতে কলকাতার পুলিশ কমিশনার বলেছিলেন, ‘টিকিটের কালোবাজারি অভিযোগ নিয়ে আমরা তদন্ত করছি। আমরা সিএবি এবং অনলাইন সংস্থাকে নোটিশ পাঠিয়েছিলাম। আমরা তাদের কাছ থেকে বেশ কিছু তথ্য পেয়েছি। কিন্তু, আরো তথ্য সংগ্রহের প্রয়োজন রয়েছে।’

গাংনীতে ধলা গ্রামের আয়োজনে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত

গাংনীর ধলা গ্রামের আয়োজনে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল ৩ টার সময় কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দ পুর ধলা গ্রাম বাসীর আয়োজনে ফুটবল টুর্নামেন্টে এক দিকে অংশগ্রহণ করেন কুতুবপুর ফুটবল একাদশ অপরদিকে অংশগ্রহণ করেন বেলতলাপাড়া ফুটবল একাদশ। ১-০ গোলে কুতুবপুর ফুটবল একাদশ কে হারিয়ে বেলতলাপাড়া ফুটবল একাদশ বিজয় লাভ করেন।

ফাইনাল খেলায় ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইয়ারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সাংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর সদরে জেলাপরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক মঙ্গল, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি,

কাথুলী ইউনিয়ন পরিষদে মেম্বার জিনারুল, ফারুক মিয়া,আনারুল ইসলাম, খেলা পরিচালনায় বাশারুল ইসলাম, মামুন,আকাশ,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি পলাশ আহম্মেদ, মেহেরপুর জেলা ছাত্রলীগের সবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম, রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন মাহাবুব আলম ও সহযোগী রেফারিবৃন্দ।

ধলা ক্যাম্পের ইনচার্জ তৌহিদুল ইসলাম এ এস আই আবুল কালাম সহ খেলোয়াড় বৃন্দ ও মাঠের কানায় কানায় পরিপূর্ণ খেলাপ্রেমী দর্শকবৃন্দ উপস্থিত ছিলেন।

রেকর্ড গড়া সেঞ্চুরি রাচিনের

নিজের অভিষেক বিশ্বকাপে নতুন এক রেকর্ড গড়লেন রাচিন রবীন্দ্র। তরুণ এই ক্রিকেটার পাকিস্তানের বিপক্ষে সেঞ্চুরি করে করলেন অভিষেক আসরে সর্বোচ্চ সেঞ্চুরির রেকর্ড।

এদিন পাকিস্তানের বিপক্ষে টস হেরে ব্যাট করতে নামে নিউজিল্যান্ড। শুরু থেকে পাকিস্তান বোলারদের উপর চড়াও হয় কিউই ব্যাটাররা। শুরু থেকে নিজের সাবলীল ব্যাটিংয়ে ৮৮ বলে সেঞ্চুরি পূরণ করেন রবীন্দ্র।

আর এই সেঞ্চুরির মাধ্যমে বিশ্বকাপের অভিষেক আসরে সর্বোচ্চ সেঞ্চুরির রেকর্ড গড়েছেন রবীন্দ্র। এছাড়া মেগা এই টুর্নামেন্টে তার করা তৃতীয় শতক নিউজিল্যান্ড ব্যাটারদের মধ্যেও সর্বোচ্চ। এর আগে কিউইদের ৬ ব্যাটার বিশ্বকাপে দুটি করে সেঞ্চুরি করেছিলেন।

এছাড়া সবচেয়ে কম বয়সে তিন সেঞ্চুরি পেয়েছেন রবীন্দ্র। আজ তার বয়স দাঁড়িয়েছে ২৩ বছর ৩৫১ দিনে। এর আগে সর্বনিম্ন ২২ বছর ৩১৩ দিন বয়সে ভারতীয় কিংবদন্তি শচীন টেন্ডুলকার দ্বিতীয় সেঞ্চুরি করেছিলেন।

সূত্র: ইত্তেফাক